

দারস ১৪

বিষয়: মীম সাকিন গুনাহ

আমরা নুন সাকিন ও তানবীনের গুনাহ পড়েছি। এই দারসে আমরা মীম সাকিনের গুনাহ পড়বো। মীম সাকিনের পরে দুটি অবস্থায় গুনাহ হবে শুধু। বাকি অবস্থায় গুনাহ হবে না।

পাঠ : ইখফায়ে শাফাওয়ী = $\text{الْإِخْفَاءُ الشَّفَوِيُّ}$

ইখফায়ে শাফাওয়ী'র হরফ ১টি, 'বা' (ب)

মুখস্থ করণ: মীম সাকিনের পর 'বা' (ب) আসলে, ঐ মীম সাকিনকে গুনাহসহ ইখফা করে পড়তে হয়।
এটাকে 'ইখফায়ে শাফাওয়ী' বলে।

অনুশীলনী

○ عَلَيْهِمُ بِالْإِثْمِ ○ يَعْلَمُ بِأَنَّ ○ كُنْتُمْ بِهِ ○ أَمَنْتُمْ بِهِ ○

○ أَيُّهُمْ بِذَلِكَ ○ إِنَّ رَبَّهُمْ بِهِمْ ○ لَسْتَ عَلَيْهِمْ بِصَبِيطٍ ○

পাঠ : ইদগামে শাফাওয়ী = $\text{الْإِدْغَامُ الشَّفَوِيُّ}$

ইদগামে শাফাওয়ী'র হরফ ১টি, 'মীম' (م)

মুখস্থ করণ: মীম সাকিনের পর মীম (م) আসলে, দ্বিতীয় মীমে তাশদিদ দিয়ে গুনাহ করে মিলিয়ে পড়তে হয়। এটাকে 'ইদগামে শাফাওয়ী' বলে।

অনুশীলনী

○ فِي قُلُوبِهِمْ مَرَضٌ ○ لَهُمْ مَا يَشَاءُونَ ○ إِنَّكُمْ مُّجْرِمُونَ ○

عَلَى قُلُوبِهِمْ مَا كَانُوا ۝ إِنَّهُمْ مَسْئُولُونَ ۝ أَطَعَهُمْ مِّنْ جُوعٍ

পাঠ ৩: ইজহারে শাফাওয়ী = الْإِظْهَارُ الشَّفَوِيُّ

ইজহারে শাফাওয়ীর হরফ ২৬ টি (বা ও মীম ছাড়া বাকিগুলো)

মুখস্থ করুন: মীম সাকিনের পরে م, ب, ব্যতীত অন্য কোনো হরফ আসলে, ঐ মীম সাকিনকে গুল্লাহ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়।

অনুশীলনী

الْحَمْدُ ۝ أَنْعَمْتَ ۝ لَكُمْ دِينُكُمْ ۝ أَلَمْ أَعْهَدُ

لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ ۝ لَكُمْ دِينُكُمْ وَبِي دِينٍ ۝ إِنْ كُنْتُمْ صَادِقِينَ

TAHZIB
— INSTITUTE —

TAHZIB
— INSTITUTE —

তাহযিব ইনস্টিটিউট

দ্বিনি জ্ঞানার্জনের উন্মুক্ত প্ল্যাটফর্ম

www.tahzibinstitute.com

01730986832 (Call/WhatsApp)